গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জোনাল সেটেলমেন্ট অফিস,পটুয়াখালী
(সেরেস্তা শাখা)
zso.patuakhali.gov.bd

নম্বর: ৩১.০৩.০০০০.০০০.০৩৯.১৯.০০০১.২৫.১৩০

তারিখ: ২৮ আশ্বিন ১৪৩৩
১৩ অক্টোবর ২০২৬

(সার্ভে সহায়ক নিয়োগ বিজ্ঞপ্তি)

বিষয়: ২০২৬-২০২৭ অর্থবছরে পটুয়াখালী জোনের অধীন বিভিন্ন উপজেলা সেটেলমেন্ট অফিসে মাঠ কাজে সার্ভেয়ারদের সহায়তা প্রদানের লক্ষ্যে সার্ভে সহায়ক (চেইনম্যান ও সরদার আমিন/বদর আমিন) নিয়োগ বিজ্ঞপ্তি।

উপরিউক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, জোনাল সেটেলমেন্ট অফিস, পটুয়াখালী অঞ্চলের অধীন সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (সর্বোচ্চ ০৬ মাসের জন্য) দৈনিক মজুরির ভিত্তিতে নিম্নোক্ত পদগুলোতে নিয়োগের লক্ষ্যে যোগ্য ও আগ্রহী প্রার্থীদের নিকট হতে আগামী ১৪/১০/২০২৬খ্রিষ্টাব্দ তারিখ সকাল ১০ টা থেকে ২৬/১০/২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ বিকাল ০৪:০০ টার মধ্যে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

পদসংখ্যা-৪০ জন

ক্রমিক নং	পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতা
১	সরদার আমিন	২০	পূর্বে সরদার আমিন হিসেবে কাজ করার অভিজ্ঞতা অথবা বদর আমিন হিসেবে ১৫ (পনের) বছর কাজ করার অভিজ্ঞতা (পূর্বের নিয়োগপত্র এবং যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করা সাপেক্ষে). অথবা বদর আমিন হিসেবে ১০ (দশ) বছর কাজ করার অভিজ্ঞতা এবং মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ (পূর্বের নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করা সাপেক্ষে); অথবা বদর আমিন হিসেবে ০৭ (সাত) বছর কাজ করার অভিজ্ঞতা এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ (পূর্বের নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করা সাপেক্ষে); অথবা বদর আমিন হিসেবে ০৩ (তিন) বছর কাজ করার অভিজ্ঞতা এবং স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ (পূর্বের নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করা সাপেক্ষে); অথবা বদর আমিন হিসেবে ৩ (তিন) বছর কাজ করার অভিজ্ঞতা এবং সার্ভে ডিপ্লোমাধারী (পূর্বের নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করা সাপেক্ষে) ।
২	বদর আমিন		পূর্বে বদর আমিন হিসেবে কাজ করার অভিজ্ঞতা অথবা চেইনম্যান হিসেবে ১০ (দশ) বছর কাজ করার অভিজ্ঞতা এবং মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ (পূর্বের নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করা সাপেক্ষে); অথবা বদর আমিন হিসেবে ০৫ (পাঁচ) বছর কাজ করার অভিজ্ঞতা এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ (পূর্বের নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করা সাপেক্ষে); অথবা বদর আমিন হিসেবে ০৩ (তিন) বছর কাজ করার অভিজ্ঞতা এবং স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ (পূর্বের নিয়োগপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র এবং যথাযথ কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র দাখিল করা সাপেক্ষে); অথবা সার্ভে ডিপ্লোমা ডিগ্রিধারী ; অথবা স্নাতক ডিগ্রিধারী।
৩	চেইনম্যান	২০	পূর্বে চেইনম্যান হিসেবে কাজ করার অভিজ্ঞতা অথবা

৩	চেইনম্যান	২০	অথবা এস.এস.সি পাশ

শর্তাবলীঃ-

১। ২০২৫-২৬ অর্থবছরে এ জোনে নিয়োগকৃত আবেদনকারীগনকে ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তরের নীতিমালা মোতাবেক অগ্রাধিকার দেওয়া হবে।
২। সরদার আমিন, বদর আমিন ও চেইনম্যান পদে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণ অগ্রাধিকার পাবে।
৩। নিয়োগবর্ষে সরদার আমিন এবং বদর আমিন কর্মচারীদের বয়স ৫৫ বছরের উর্ধ্বে হবে না । তবে মুক্তিযোদ্ধাদের ক্ষেত্রে সর্বোচ্চ বয়সসীমা হবে ৫৬ বছর। চেইনম্যান পদে ইতোপূর্বে যে সকল ব্যক্তি কাজ করেননি, সে সকল প্রার্থীদের বয়সসীমা ১৮ (আঠারো) বছর থেকে ৩০ (ত্রিশ) বছর হতে হবে।
৪। আবেদন করার শেষ তারিখে প্রার্থীদের বয়সসীমা নির্ধারিত হবে।
৫। আবেদন ২৬/১০/২০২৬ খ্রিষ্টাব্দ তারিখ বেলা ০৪:০০ ঘটিকার মধ্যে সরাসরি বা ডাকযোগে জোনাল সেটেলমেন্ট অফিস, পটুয়াখালী বরাবর দাখিল করতে হবে।
৬। স্বহস্তে লিখিত/টাইপকৃত আবেদনপত্র, শিক্ষাগত যোগ্যতার সনদ, সদ্যতোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি ও অভিজ্ঞতার প্রমাণকের সত্যায়িত কপি আবেদনপত্রে সংযুক্ত করতে হবে।
৭। প্রাপ্ত আবেদনপত্র বাছাইয়ে যাদের আবেদন বিবেচিত হবে কেবল তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে। মৌখিক পরীক্ষার তারিখ ও সময় পরবর্তীতে জানিয়ে দেওয়া হবে। পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ ডিএ প্রদান করা হবে না।
৮। সাক্ষাৎকারের সময় সকল মূল সনদ ও সংশ্লিষ্ট অন্যান্য কাগজপত্র সঙ্গে আনতে হবে।
৯। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে; কোন ধরনের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে।
১০। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদন বাতিল বলে গণ্য হবে।
১১। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।
১২। যেহেতু সাময়িক শ্রমিক নিয়োগ পদ্ধতিতে সম্পূর্ণ অস্থায়ী নিয়োগ সেহেতু নিয়োগপ্রাপ্ত ব্যক্তির চাকুরী রাজস্ব খাতে স্থানান্তরের আদৌ কোন সম্ভাবনা নেই।
১৩। অত্র বিজ্ঞপ্তি সংক্রান্ত সকল তথ্য অত্রাফিসের ওয়েবসাইটে (www.zso.patuakhali.gov.bd) পাওয়া যাবে।

সংযুক্তিঃ

(১) সার্ভে সহায়ক নিয়োগের নিমিত্ত প্রশাসনিক ও আর্থিক মঞ্জুরী প্রদান সংক্রান্ত।

সংযুক্তি:

১৩-১০-২০২৬
মোঃ আল-মুক্তাদির হোসেন
জোনাল সেটেলমেন্ট অফিসার (ভারপ্রাপ্ত)

সাঁটলিপিকার, জোনাল সেটেলমেন্ট অফিস, পটুয়াখালী
নিয়োগ বিজ্ঞপ্তির কপি ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।